The Financial Express


07 FEB 2026

# BD, Japan sign full-fledged deal on economic partnership

## Most exportable items to access fourth-largest economy sans duty

**EPA provides for substantial reduction, eventual waiver of customs duties on wide range of goods**

**Agreement an important instrument during LDC-graduation to ensure better market access, technology transfer, deeper integration with global value chains: CPD's DrMustafizur**



FE REPORT

**Bangladesh and Japan Friday signed a landmark Economic Partnership Agreement (EPA) that ushers in a new era of bilateral trade and investment cooperation and marks Dhaka's first such comprehensive pact with any country. Under the agreement, Japan will grant 100-percent duty-free access to 7,379 Bangladeshi products, including key export item readymade garments, providing a major boost to Bangladesh's post-LDC market diversification. In return, Bangladesh will offer duty-free or preferential**

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

The Financial Express
07 FEB 2026

access to 1,039 Japanese products, facilitating greater inflow of technology-intensive goods and industrial inputs.

A key benefit for the apparel sector is the inclusion of the 'single transformation' rules of origin, removing complex conditions on sourcing raw materials and allowing Bangladeshi garments to enter Japan more easily.

The services chapter of the EPA opens Japan's labour market to Bangladeshi professionals in 16 sectors covering 120 categories, including IT, engineering, education, caregiving and nursing, ensuring greater employment opportunities and legal protection for Bangladeshi workers.

Bangladesh, for its part, has agreed to open 12 sectors with 98 sub-sectors for Japanese service providers.

Commerce Adviser Sk Bashir Uddin and Japan's State Minister for Foreign Affairs HORII Iwao inked the deal at a ceremony held in Tokyo.

Commerce Secretary Mahbubur Rahman, Bangladesh Ambassador to Japan Md. Daud Ali, Japan's Ambassador in Bangladesh SAIDA Shinichi, along with senior officials from both countries, were present at the signing ceremony, according to a news release issued by the Press Information Department (PID).

The commerce adviser, in his remarks at the ceremony, described the EPA as a reflection of the longstanding friendship between the two Asian countries.

"The agreement was not merely a commercial document, but an expression of Bangladesh's bright economic future and the deep mutual trust shared by the two nations," he was quoted as saying.

He expressed the hope that effective implementation of the pact would open a new chapter of shared prosperity.

Officials say the accord, concluded after seven rounds of negotiations in Dhaka and Tokyo, covers trade in goods and services, investment protection, movement of skilled manpower and broader economic cooperation.

Titled Bangladesh-Japan Economic Partnership Agreement (BJEPA), the agreement is a strategic "lifeline" designed to ensure continued duty-free access to the world's fourth-largest economy as Bangladesh prepares to graduate from the least-developed-country (LDC) status on November 24, 2026.

Aggressive tariff liberalization: Central to the EPA is a substantial reduction in and eventual elimination of customs duties on a wide range of goods.

Under the Chapter 02, Japan will eliminate tariffs on numerous Bangladeshi products-categorized as "A" in the schedule-immediately upon the agreement's entry into force. For its part, Bangladesh has committed to a phased reduction in duties, balancing its domestic industrial needs with the treaty's liberalization goals.

The deal also incorporates "National Treatment" clause ensuring that imported goods are not subject to internal taxes or regulations more burdensome than those applied to domestic products.

Robust safeguards and rules of origin: To protect local industries from sudden import surges, the EPA includes "Bilateral Safeguard Measures." These allow either nation to temporarily suspend tariff reductions or increase duties if increased imports cause "serious injury" to domestic producers.

Rigorous "Rules of Origin" have been established to ensure that only genuine products from the member-nations benefit from preferential treatment. This includes specific criteria for "factory ships" and "vessels," requiring at least 50-percent ownership by nationals of the parties to qualify for originating status.

Opening services and labor markets: Moving beyond physical goods, the agreement opens significant avenues for trade in services, including financial and air-transport sectors. Bangladesh has made specific commitments in areas including air transport, environment services.

A dedicated chapter on the "Movement of Natural Persons" facilitates the entry of business visitors, intra-corporate transferees, and contractual service suppliers. While recognizing border security needs, both nations have agreed to process visa applications expeditiously to avoid hindering trade activities.

Intellectual property and digital trade: The EPA sets high standards for Intellectual Property (IP) protection, covering trademarks, patents, and geographical indications. Notably, it includes provisions for enforcement in the digital environment and border measures to seize infringing goods.

On electronic commerce, the parties agree to promote "trustworthy, secure and accessible electronic payments systems" and will reassess the moratorium on customs duties for electronic transmissions within three years.

Recognizing Bangladesh's developing-economy status, the EPA provides calibrated transition periods for compliance with several complex intellectual- property obligations.

Dhaka has been granted 10 years to align with key international instruments, including accession to the Patent Cooperation Treaty (PCT), the Madrid Protocol on trademarks and the regime for protection of new plant varieties.

Officials say certain sensitive areas-such as provisions on unfair competition and regulation of domain names-could receive an additional five-year extension if implementation challenges persist.

The agreement also establishes a formal Dispute Settlement mechanism to resolve conflicts through consultation or, if necessary, binding arbitration.

Trade experts say the deal would help Bangladesh retain competitiveness in Japan after graduation from least-developed-country status and attract fresh Japanese investment in manufacturing and infrastructure.

Both sides described the EPA as a strategic framework to deepen supply-chain integration, technology transfer and people-to-people connectivity in the coming years.

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

The Business Standard

07 FEB 2026

# Bangladesh, Japan sign major trade deal to safeguard market access post-LDC

TRADE - BANGLADESH

TBS REPORT

Bangladesh and Japan yesterday signed a landmark economic partnership agreement (EPA) in Tokyo, a major step in Dhaka's efforts to preserve export market access and attract investment as it prepares to graduate from least developed country (LDC) status.

The deal, hailed by business leaders, is Bangladesh's first bilateral free trade agreement and secures continued duty-free access to Japan – the world's third-largest economy – for key exports even after LDC graduation.

Covered products include ready-made garments, leather goods, plastics, light engineering items and selected agricultural products, protecting an export market worth $2.1 billion.

Crucially, the EPA preserves Japan's highly flexible "single-stage transformation" rule of origin, under which garments qualify for duty-free entry even if fabrics are imported and only the final sewing takes place in Bangladesh.

After the signing, Commerce Secretary Mahbubur Rahman told TBS that Japan currently grants Bangladesh duty-free access under this rule, and the EPA ensures its continuation beyond graduation.

"In simple terms, garments made by importing fabric and sewing it in Bangladesh will continue to enjoy tariff-free entry," he said.

The agreement also allows preferential treatment even when the tariff classification of the finished product differs from that of imported inputs. "If raw materials are imported under one HS code and the final product falls under another, the product will still qualify for preferences," he added.

Economists and business leaders described the EPA as less about tariff cuts and more about economic survival after LDC graduation in 2026. Without such an agreement, Bangladesh would face higher tariffs and stricter compliance requirements once Japan's temporary LDC preferences expire.

The EPA provides a permanent legal framework and long-term certainty for exporters at a time of rising production costs, soft global demand and intensifying competition from Vietnam, Indonesia and India.

Under the agreement, duty-free benefits will be gradually extended over a 12-year period to more than 9,000 products, including Japanese-made vehicles exported to Bangladesh. Besides, the rules of origin allow exporters to qualify for preferences with just 35-40% local value addition, even when key inputs such as fabric, yarn or components are imported.

### Key chapters in EPA

Md Hafizur Rahman, former director general of the WTO Cell at the commerce ministry and a member of Bangladesh's delegation during EPA negotiations, said the agreement includes a "Trade Facilitation" chapter, which will obligate Bangladesh to implement measures to simplify business procedures and improve the overall trade environment.

He added

## POSSIBLE GAINERS AND LOSERS



**GAINERS**

- Continued duty-free access to Japan protects competitiveness for RMG
- May boost Japanese investment due to protection, policy certainty
- Opportunities in energy, automotive, electronics, logistics
- Engineers, IT specialists, culinary workers gain new overseas pathways

**LOSERS**

- SME exporters may face higher compliance costs due to rules of origin
- Stronger IP rules increase compliance pressure for pharma producers
- Gradual tariff reductions may expose weaker domestic producers
- Investment, procurement commitments may limit future policies

"Through the EPA, Bangladesh will increase the export of skilled and semi-skilled workers to Japan."

**MAHBUBUR RAHMAN**
COMMERCE SECRETARY

"The EPA will help attract Japanese investment and technology, making business decisions more long-term."

**TASKEEN AHMED**
PRESIDENT, DCCI

TBS Insights by IPDC FINANCE

The Business Standard

07 FEB 2026

that the EPA provides for the appointment of "Authorized Economic Operators". Under this system, importers will assess and pay customs duties on their own shipments, clearing goods directly.

"So far, the National Board of Revenue has certified 10 firms as AEOs, while applications from another 70 are pending. Once fully implemented, the system is expected to reduce delays and harassment at ports, significantly easing trade," he said.

The agreement also addresses "corruption and unlawful financial transactions", with a dedicated chapter outlining enforcement mechanisms. "Previously, anti-corruption measures were not included in any of Bangladesh's bilateral trade agreements. Only the US TIFA agreement mentions corruption, but without specifying how it would be addressed."

Hafizur added that a notable provision on customs penalties has also been added. Currently, any misdeclaration by an importer can attract fines of up to 200%. Under the EPA, penalties will be limited to the actual revenue loss suffered by the government, reducing unnecessary harassment for businesses.

Regarding investment, the EPA stipulates that any dispute must first be resolved through internal consultations within 60 days. If unresolved, the matter may be referred to the International Centre for Settlement of Investment Disputes (ICSID) for arbitration.

Hafizur Rahman added that for the first time among Bangladesh's signed agreements, the EPA includes mutual participation in government procurement.

"Japanese companies will be able to participate in Bangladeshi government tenders, while Bangladeshi firms can bid for contracts in Japan, with certain concessions for local companies," he added.

### Legal certainty and investor protection

Mostafa Abid Khan, former member of the Bangladesh Trade and Tariff Commission, told TBS that the agreement is undoubtedly comprehensive, but implementing it will be challenging.

Having participated in the Bangladesh delegation during EPA negotiations, he said the rules on customs valuation leave no room for minimum import prices or tariff values. "Imports must be valued at the actual price paid, which could make implementation difficult for Bangladesh," he said.

According to the Bangladesh Investment Development Authority, Japan's FDI stock in the country stands at $1.6 billion. To attract further investment, the government is establishing a Japanese Economic Zone in Narayanganj.

Secretary Mahbubur Rahman expressed optimism that the deal will boost Japanese investment in Bangladesh. He said in countries with similar agreements, Japanese investors' confidence has grown. "The EPA is expected to encourage more investment in Bangladesh, particularly in the services sector."

### Skilled labour mobility

Unlike traditional labour agreements, the EPA focuses on skilled and semi-skilled professionals, including engineers, IT specialists, and culinary workers.

Although the numbers are expected to be limited, analysts said the inclusion of labour mobility reflects both Japan's demographic pressures and Bangladesh's desire to diversify overseas employment.

Strict language requirements, professional certification, and employer-led recruitment mean the pathway will remain narrow. Still, experts view the chapter as symbolically significant, signalling Bangladesh's gradual shift toward exporting higher-value human capital.

Secretary Mahbubur Rahman said the EPA will boost the export of skilled and semi-skilled Bangladeshi workers to Japan, opening employment opportunities for the country's educated youth.

### Intellectual property

Intellectual property rights remain one of the most sensitive elements of the agreement. The EPA introduces advanced standards on patents, industrial designs, and plant varieties, although Bangladesh has secured transition periods reflecting its development status.

The pharmaceutical sector is closely monitoring the implications, as stronger IP enforcement could eventually affect Bangladesh's globally competitive generic drug industry. While immediate impacts are expected to be limited, analysts note that post-LDC Bangladesh will face growing pressure to align with higher IP standards across trade agreements.

### Procurement and digital trade

The agreement also covers government procurement and e-commerce – areas traditionally approached with caution by developing countries. Commitments on transparency and procedures could improve governance and efficiency but may reduce the scope for domestic preference policies in public purchasing.

In digital trade, provisions supporting electronic transactions and cross-border data flows align Bangladesh with emerging global norms. Experts caution that balancing openness with data sovereignty and cybersecurity priorities will require careful implementation.

### Opportunity tied to readiness

Asked whether the EPA imposes tough conditions on intellectual property rights, Secretary Mahbubur said IP protections for products are already ensured under the WTO's TRIPS agreement.

"Member countries have ratified the pact, which will remain in force until 2032. Bangladesh is actively working at the WTO to ensure it continues to benefit from TRIPS even after graduation," he said. "There is no reason to be alarmed about the conditions in the EPA regarding the services sector."

### What biz leaders say

Md Mohiuddin Rubel, former director at BGMEA and managing director of Denim Expert Limited, said the agreement is expected to boost Japanese investment in Bangladesh.

"Japanese companies are likely to become more active in establishing new industries and factories, expanding the scope of business and trade," he told TBS.

Currently, Bangladesh's garment sector is largely confined to low- and mid-end products. However, Japanese firms are highly conscious of quality, technology, and knowledge.

By leveraging Japan's technology, skilled workforce, and management expertise, Bangladesh could make significant progress in producing high-value-added garments, he said.

"The potential for Japanese investment is not limited to the garment sector. Industries such as automobiles, electronics, and other high-technology sectors could also benefit," he added.

"By tapping into Japan's strong client base and technical support, Bangladesh can develop new markets, which is crucial for the country's economic growth."

The Dhaka Chamber of Commerce considers the agreement vital for maintaining duty-free benefits as Bangladesh prepares to face post-LDC graduation challenges in 2026.

Taskeen Ahmed, president of the Chamber, said the "single-stage transformation" facility in the garment sector will multiply export capacity and simplify access to imported raw materials.

"The deal will encourage Japanese investment, technology transfer, and management expertise, fostering long-term business planning and strengthening Bangladesh's position in global competition," he added.

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

The Business Standard
07 FEB 2026

# Bangladesh secures $8.02m in orders at Texworld Apparel Sourcing Paris

RMG - BANGLADESH

BSS

Bangladesh has secured encouraging business prospects at Texworld Apparel Sourcing Paris Spring/Feb 2026, held on 2-4 February, with strong interest from international buyers in Bangladeshi apparel and textile products.

According to information received from the 18 Export Promotion Bureau (EPB)-sponsored Bangladeshi companies, the total value of prospective and confirmed work orders reached $8.02 million, reflecting the growing global confidence in Bangladesh's ready-made garment (RMG) and textile sector, said a press release issued by the Bangladesh Embassy in Paris.

In addition to securing work orders, the participating companies also reported positive buyer response, productive business meetings, and promising prospects for future collaborations.In addition to the EPB-sponsored exhibitors, 11 other Bangladeshi companies participated in the Expo as direct participants.

Khondker M Talha, Ambassador of Bangladesh to France and Permanent Delegate to UNESCO, inaugurated the 'Bangladesh Pavilion' on 2 February 2026 at Texworld.

He emphasised the importance of increasing participation in Texworld and other trade shows in France, such as Première Vision Paris, as greater participation will bring more visibility and engagement.

He added that our participation would enable our exporters to learn about emerging technologies, evolving fashion trends in Europe, and sourcing options for raw materials and accessories, further strengthening Bangladesh's presence in the European market.

He highlighted the need for stronger support from trade bodies (BGMEA and BKMEA) through their participation and sponsorship, as well as promoting country branding in a professional

ঢাকা।

# Texworld Apparel Sourcing Paris

RMG - BANGLADESH

**BSS**

Bangladesh has secured encouraging business prospects at Texworld Apparel Sourcing Paris Spring/Feb 2026, held on 2-4 February, with strong interest from international buyers in Bangladeshi apparel and textile products.

According to information received from the 18 Export Promotion Bureau (EPB)-sponsored Bangladeshi companies, the total value of prospective and confirmed work orders reached $8.02 million, reflecting the growing global confidence in Bangladesh's ready-made garment (RMG) and textile sector, said a press release issued by the Bangladesh Embassy in Paris.

In addition to securing work orders, the participating companies also reported positive buyer response, productive business meetings, and promising prospects for future collaborations.In addition to the EPB-sponsored exhibitors, 11 other Bangladeshi companies participated in the Expo as direct participants.

Khondker M Talha, Ambassador of Bangladesh to France and Permanent Delegate to UNESCO, inaugurated the 'Bangladesh Pavilion' on 2 February 2026 at Texworld.

He emphasised the importance of increasing participation in Texworld and other trade shows in France, such as Première Vision Paris, as greater participation will bring more visibility and engagement.

He added that our participation would enable our exporters to learn about emerging technologies, evolving fashion trends in Europe, and sourcing options for raw materials and accessories, further strengthening Bangladesh's presence in the European market.

He highlighted the need for stronger support from trade bodies (BGMEA and BKMEA) through their participation and sponsorship, as well as promoting country branding in a professional manner at international trade fairs and exhibitions.

Texworld Apparel Sourcing Paris is one of the world's leading sourcing platforms for fashion textiles and apparel, attracting global buyers, brands, and sourcing professionals.

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

সমকাল

07 FEB 2026

# জাপানে ৭৩৭৯ পণ্যে শুল্কমুক্ত সুবিধা পাচ্ছে বাংলাদেশ

সমকাল প্রতিবেদক

জাপানের সঙ্গে অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি (ইপিএ) স্বাক্ষর করেছে বাংলাদেশ। গতকাল শুক্রবার জাপানের রাজধানী টোকিওতে এ চুক্তি স্বাক্ষরিত হয়। এর মধ্য দিয়ে প্রথমবারের মতো কোনো দেশের সঙ্গে অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি করল বাংলাদেশ। দেশের প্রথম পূর্ণাঙ্গ মুক্ত বাণিজ্য চুক্তিও এটি। এর আওতায় তৈরি পোশাকসহ প্রায় সাত হাজার ৩৭৯টি বাংলাদেশি পণ্য জাপানের বাজারে শতভাগ শুল্কমুক্ত সুবিধা পাবে। অন্যদিকে, বাংলাদেশের বাজারে পর্যায়ক্রমে এক হাজার ৩৯টি পণ্যে শুল্কমুক্ত বা অগ্রাধিকারমূলক সুবিধা পাবে জাপান।

সরকারের এক তথ্য বিবরণীতে জানানো হয়, গতকাল জাপানের পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানে এ চুক্তি স্বাক্ষরিত হয়। সই করেন বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন এবং জাপানের পররাষ্ট্র প্রতিমন্ত্রী হোরি ইওয়াও। অনুষ্ঠানে বাণিজ্য সচিব মাহবুবুর রহমান, জাপানে বাংলাদেশের রাষ্ট্রদূত দাউদ আলী, বাংলাদেশে জাপানের রাষ্ট্রদূত সাইদা শিনিচি প্রমুখ উপস্থিত ছিলেন।

তথ্য বিবরণীতে বলা হয়, পোশাক খাতে 'সিঙ্গেল স্টেজ ট্রান্সফরমেশন' সুবিধা যুক্ত হওয়ায় এখন থেকে কাঁচামাল নিয়ে কোনো জটিলতা ছাড়াই বাংলাদেশি পোশাক খুব সহজে জাপানে রপ্তানি করা যাবে। এর পাশাপাশি জাপানের তথ্যপ্রযুক্তি, প্রকৌশল, শিক্ষা, কেয়ারগিভিং ও নার্সিংয়ের মতো প্রায় ১৬টি বিভাগের . ১২০টি সেবা খাতে বাংলাদেশি দক্ষ পেশাজীবীদের কাজ করার সুযোগ তৈরি হবে।

অন্যদিকে বাংলাদেশ জাপানের জন্য ১২টি বিভাগের আওতায় ৯৮টি উপখাত উন্মুক্ত করতে সম্মত হয়েছে। তবে উপখাতগুলোর নাম বিবরণীতে উল্লেখ করা হয়নি.। এতে বলা হয়, দ্বিপক্ষীয় বাণিজ্য বাড়ার পাশাপাশি এই চুক্তির মাধ্যমে বাংলাদেশের উৎপাদন, অবকাঠামো, জ্বালানি ও লজিস্টিকস ইত্যাদি খাতে জাপানের সরাসরি বিদেশি বিনিয়োগ (এফডিআই) বাড়বে বলে আশা করা হচ্ছে।

বাণিজ্য মন্ত্রণালয় সূত্র জানায়, ইপিএ কার্যকর হওয়ার প্রথম দিন থেকেই তৈরি পোশাকসহ বাংলাদেশের সাত হাজার ৩৭৯টি পণ্য জাপানের বাজারে শুল্কমুক্ত সুবিধা দেওয়া হয়েছে। অন্যদিকে শুরুতে পর্যায়ক্রমে এক হাজার ৩৯টি জাপানি পণ্য বাংলাদেশের বাজারে শুল্কমুক্ত প্রবেশাধিকার পাবে। পরে ছয় থেকে আট বছরের মধ্যে ধাপে ধাপে আরও দুই হাজার ৭০২টি জাপানি পণ্য শুল্ক ছাড়ের আওতায় আসবে।

### অংশীদারিত্ব চুক্তি সই

- বাংলাদেশের বাজারে ১০৩৯টি পণ্যে শুল্কমুক্ত সুবিধা পাবে জাপান
- জাপানের ১২০টি সেবা খাতে কাজের সুযোগ পাবে বাংলাদেশিরা

এ চুক্তিকে দ্বিপক্ষীয় 'দীর্ঘস্থায়ী বন্ধুত্বের প্রতিফলন' হিসেবে উল্লেখ করে অনুষ্ঠানে শেখ বশিরউদ্দীন বলেন, চুক্তিটি কেবল একটি বাণিজ্যিক দলিল নয়, এটি বাংলাদেশের উজ্জ্বল অর্থনৈতিক ভবিষ্যৎ ও দুই দেশের মধ্যে গভীর পারস্পরিক আস্থার বহিঃপ্রকাশ। এ চুক্তির কার্যকর বাস্তবায়ন পারস্পরিক সমৃদ্ধির একটি নতুন অধ্যায় শুরু করবে।

এক পর্যায়ে উভয় দেশে মোট ৯ হাজার ৩৫৪টি পণ্যে কোনো শুল্ক থাকবে না। এর মধ্যে বাংলাদেশি পণ্যের সংখ্যা সাত হাজার ৪৩৬টি। তবে জাপানের গাড়ি এই চুক্তির আওতায় শুল্কমুক্ত সুবিধা পাবে না। স্থানীয়ভাবে গাড়ি উৎপাদনে জাপানি বিনিয়োগ উৎসাহিত করতেই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা।

এ সম্পর্কিত বাণিজ্য মন্ত্রণালয়ের এক প্রতিবেদনে বলা হয়েছে, ইপিএর আওতায় কয়েক ধাপে শুল্ক ছাড় দেবে বাংলাদেশ। সর্বশেষ পর্যায়ে সব পণ্যে শুল্ক ছাড় কার্যকর হলে বছরে প্রায় তিন হাজার কোটি টাকার রাজস্ব ক্ষতির আশঙ্কা রয়েছে। তবে এই চুক্তি না হলে এলডিসি উত্তরণের পর জাপানের বাজারে শুল্ক সুবিধা হারিয়ে বাংলাদেশের রপ্তানি তিন হাজার কোটি টাকা থেকে তিন হাজার ৬০০ কোটি টাকা পর্যন্ত কমে যেতে পারে। তাই সার্বিক লাভক্ষতি বিবেচনায় ধাপে ধাপে শুল্ক ছাড় দিতে রাজি হয়েছে বাংলাদেশ।

বর্তমানে এশিয়ায় বাংলাদেশের সবচেয়ে বড় রপ্তানি গন্তব্য জাপান। দেশটিতে বাংলাদেশের রপ্তানির পরিমাণ বছরে প্রায় ২০০ কোটি ডলার, যার বেশির ভাগই তৈরি পোশাক। অন্যদিকে গত কয়েক বছর ধরে জাপান থেকে আমদানি বছরে ১৮০ কোটি থেকে ২৭০ কোটি ডলারের মধ্যে ওঠানামা করছে।

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

প্রথম আলো

07 FEB 2026

# জাপানে ৭ হাজার পণ্যে শুল্কমুক্ত সুবিধা পাবে

**অর্থনৈতিক অংশীদারত্ব চুক্তি সই**

বাংলাদেশ এই প্রথমবারের মতো কোনো দেশের সঙ্গে ইপিএ সই করল। এর আওতায় বাংলাদেশে ১,০৩৯টি জাপানি পণ্য শুল্ক সুবিধা পাবে।

**নিজস্ব প্রতিবেদক,** *ঢাকা*

জাতীয় নির্বাচনের পাঁচ দিন আগে জাপানের সঙ্গে অর্থনৈতিক অংশীদারত্ব চুক্তি (ইপিএ) সই করেছে বাংলাদেশ। এর মধ্য দিয়ে বাংলাদেশ প্রথমবারের মতো কোনো দেশের সঙ্গে অর্থনৈতিক অংশীদারত্ব চুক্তি সই করল। ইপিএ চুক্তির ফলে জাপানের বাজারে বাংলাদেশের তৈরি পোশাকসহ প্রায় ৭ হাজার ৩৭৯টি পণ্য শতভাগ শুল্কমুক্ত সুবিধা পাবে। বিনিময়ে বাংলাদেশের বাজারে ১ হাজার ৩৯টি জাপানি পণ্য পর্যায়ক্রমে শুল্কমুক্ত বা অগ্রাধিকারমূলক সুবিধা পাবে।


গতকাল শুক্রবার জাপানের রাজধানী টোকিওতে বাংলাদেশের বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন এবং জাপানের পররাষ্ট্র প্রতিমন্ত্রী হোরি ইওয়াও এই চুক্তিতে সই করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাণিজ্যসচিব মাহবুবুর রহমান, জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. দাউদ আলী, বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত সাইদা শিনিচিসহ উভয় দেশের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এক তথ্য বিবরণীতে বাংলাদেশের তথ্য অধিদপ্তর এ তথ্য জানিয়েছে।

তথ্য বিবরণীতে বলা হয়, পণ্য ও সেবা বাণিজ্য, বিনিয়োগ এবং অর্থনৈতিক সহযোগিতা বিষয়ে ঢাকা ও টোকিওতে অনুষ্ঠিত সাত দফা দর-কষাকষির পর এই চুক্তি সই হলো।

অনুষ্ঠানে বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন ইপিএ চুক্তিকে দুই দেশের মধ্যে বিদ্যমান দীর্ঘস্থায়ী বন্ধুত্বের প্রতিফলন বলে উল্লেখ করেন। তিনি বলেন, 'ইপিএ চুক্তি কেবল একটি বাণিজ্যিক দলিল নয়, এটি বাংলাদেশের উজ্জ্বল অর্থনৈতিক ভবিষ্যৎ এবং আমাদের দুই দেশের মধ্যে গভীর পারস্পরিক আস্থার বহিঃপ্রকাশ।' তাঁর আশা, এই চুক্তির কার্যকর বাস্তবায়ন পারস্পরিক সমৃদ্ধির একটি নতুন অধ্যায় শুরু করবে।

চুক্তিটির অধীনে বাংলাদেশ পণ্য ও সেবা উভয় বাণিজ্যে উল্লেখযোগ্য সুবিধা পাবে। বিনিময়ে বাংলাদেশে জাপানের বাণিজ্য বাড়বে।

ইপিএ চুক্তি অনুযায়ী, পোশাক খাতে 'সিঙ্গেল স্টেজ ট্রান্সফরমেশন' সুবিধা যুক্ত হওয়ায় এখন থেকে কাঁচামাল নিয়ে কোনো জটিল শর্ত ছাড়াই বাংলাদেশি পোশাক খুব সহজে জাপানে রপ্তানি করা যাবে। পাশাপাশি জাপানের তথ্যপ্রযুক্তি (আইটি),



বাংলাদেশের বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন ও জাপানের পররাষ্ট্র প্রতিমন্ত্রী হোরি ইওয়াও ইপিএ চুক্তিতে সই করেন। গতকাল জাপানের টোকিওতে। ছবি : পিআইডি

ইঞ্জিনিয়ারিং, শিক্ষা, কেয়ারগিভিং এবং নার্সিংয়ের মতো প্রায় ১৬টি বিভাগে ১২০টি সেবা খাতে বাংলাদেশি দক্ষ পেশাজীবীদের কাজ করার সুযোগ তৈরি হবে, যা দেশের মানুষের জন্য জাপানে অধিক কর্মসংস্থান নিশ্চিত করবে। বাংলাদেশ জাপানের জন্য ১২টি বিভাগের আওতায় ৯৮টি উপখাত উন্মুক্ত করতে সম্মত হয়েছে।

বাণিজ্যের পরিমাণ বৃদ্ধির পাশাপাশি এটি উৎপাদন, অবকাঠামো, জ্বালানি এবং লজিস্টিকস প্রভৃতি খাতে জাপানি বিনিয়োগ (এফডিআই) বৃদ্ধি করবে বলে আশা করা হচ্ছে। জাপানি উন্নত প্রযুক্তি ও বিনিয়োগ হলে আমাদের দেশি পণ্যের মান বৃদ্ধি

- ঢাকা-টোকিওতে সা
কষাকষির পর চুক্তি
- বাণিজ্য উপদেষ্টার আ
পারস্পরিক সমৃদ্ধির
শুরু করবে।
- এত দিন ভুটানের স
ছাড়া কোনো দেশের
দ্বিপক্ষীয় অর্থনৈতি
বাণিজ্যচুক্তি ছিল না।

পাবে, যা বাংলাদেশকে
প্রতিযোগিতামূলক করে তুলবে।

এ ছাড়া ক্ষুদ্র ও মাঝারি
বিকাশ এবং একটি দক্ষ জনশ
চুক্তি অন্তর্ভুক্তিমূলক অর্থনৈ
সামগ্রিকভাবে বাংলাদেশের আ
একটি শক্তিশালী হাতিয়ার হিসে
এমনটাই বলা হয় তথ্য বিবরণীতে

ভুটানের সঙ্গে অগ্রাধিকার বা
ছাড়া আর কোনো দেশের স
দ্বিপক্ষীয় কোনো অর্থনৈতিক বা

প্রথম আলো

07 FEB 2026

# ৭ হাজার পণ্যে শুল্কমুক্ত সুবিধা পাবে বাংলাদেশ


নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. দাউদ আলী, বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত সাইদা শিনিচিসহ উভয় দেশের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এক তথ্য বিবরণীতে বাংলাদেশের তথ্য অধিদপ্তর এ তথ্য জানিয়েছে।

তথ্য বিবরণীতে বলা হয়, পণ্য ও সেবা বাণিজ্য, বিনিয়োগ এবং অর্থনৈতিক সহযোগিতা বিষয়ে ঢাকা ও টোকিওতে অনুষ্ঠিত সাত দফা দর-কষাকষির পর এই চুক্তি সই হলো।

অনুষ্ঠানে বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন ইপিএ চুক্তিকে দুই দেশের মধ্যে বিদ্যমান দীর্ঘস্থায়ী বন্ধুত্বের প্রতিফলন বলে উল্লেখ করেন। তিনি বলেন, 'ইপিএ চুক্তি কেবল একটি বাণিজ্যিক দলিল নয়, এটি বাংলাদেশের উজ্জ্বল অর্থনৈতিক ভবিষ্যৎ এবং আমাদের দুই দেশের মধ্যে গভীর পারস্পরিক আস্থার বহিঃপ্রকাশ।' তাঁর আশা, এই চুক্তির কার্যকর বাস্তবায়ন পারস্পরিক সমৃদ্ধির একটি নতুন অধ্যায় শুরু করবে।

চুক্তিটির অধীনে বাংলাদেশ পণ্য ও সেবা উভয় বাণিজ্যে উল্লেখযোগ্য সুবিধা পাবে। বিনিময়ে বাংলাদেশে জাপানের বাণিজ্য বাড়বে।

ইপিএ চুক্তি অনুযায়ী, পোশাক খাতে 'সিঙ্গেল স্টেজ ট্রান্সফরমেশন' সুবিধা যুক্ত হওয়ায় এখন থেকে কাঁচামাল নিয়ে কোনো জটিল শর্ত ছাড়াই বাংলাদেশি পোশাক খুব সহজে জাপানে রপ্তানি করা যাবে। পাশাপাশি জাপানের তথ্যপ্রযুক্তি (আইটি), ইঞ্জিনিয়ারিং, শিক্ষা, কেয়ারগিভিং এবং নার্সিংয়ের মতো প্রায় ১৬টি বিভাগে ১২০টি সেবা খাতে বাংলাদেশি দক্ষ পেশাজীবীদের কাজ করার সুযোগ তৈরি হবে, যা দেশের মানুষের জন্য জাপানে অধিক কর্মসংস্থান নিশ্চিত করবে। বাংলাদেশ জাপানের জন্য ১২টি বিভাগের আওতায় ৯৮টি উপখাত উন্মুক্ত করতে সম্মত হয়েছে।



বাংলাদেশের বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন ও জাপানের পররাষ্ট্র প্রতিমন্ত্রী হোরি ইওয়াও ইপিএ চুক্তিতে সই করেন। গতকাল জাপানের টোকিওতে। ছবি : পিআইডি

বাণিজ্যের পরিমাণ বৃদ্ধির পাশাপাশি এটি উৎপাদন, অবকাঠামো, জ্বালানি এবং লজিস্টিকস প্রভৃতি খাতে জাপানি বিনিয়োগ (এফডিআই) বৃদ্ধি করবে বলে আশা করা হচ্ছে। জাপানি উন্নত প্রযুক্তি ও বিনিয়োগ হলে আমাদের দেশি পণ্যের মান বৃদ্ধি পাবে, যা বাংলাদেশকে বিশ্বব্যাপী আরও প্রতিযোগিতামূলক করে তুলবে।

- ঢাকা-টোকিওতে সাত দফা দর-কষাকষির পর চুক্তিটি সই হলো।
- বাণিজ্য উপদেষ্টার আশা, এ চুক্তি পারস্পরিক সমৃদ্ধির নতুন অধ্যায় শুরু করবে।
- এত দিন ভুটানের সঙ্গে পিটিএ ছাড়া কোনো দেশের সঙ্গে দ্বিপক্ষীয় অর্থনৈতিক বা বাণিজ্যচুক্তি ছিল না।

এ ছাড়া ক্ষুদ্র ও মাঝারি শিল্পের (এসএমই) বিকাশ এবং একটি দক্ষ জনশক্তি তৈরির মাধ্যমে এই চুক্তি অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সামগ্রিকভাবে বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে একটি শক্তিশালী হাতিয়ার হিসেবে কাজ করবে, এমনটাই বলা হয় তথ্য বিবরণীতে।

ভুটানের সঙ্গে অগ্রাধিকার বাণিজ্যচুক্তি (পিটিএ) ছাড়া আর কোনো দেশের সঙ্গেই বাংলাদেশের দ্বিপক্ষীয় কোনো অর্থনৈতিক বা বাণিজ্যচুক্তি নেই। জাপানের সঙ্গে ইপিএ সইয়ের মাধ্যমে বাংলাদেশ এ প্রক্রিয়া শুরু করল। বাংলাদেশ-জাপান ইপিএর উদ্যোগ নেওয়া হয়েছিল ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের আমলে। তখন দর-কষাকষির ভিত্তি তৈরিতে গঠন করা হয় যৌথ গবেষণা দল। ২০২৩ সালের ২৭ ডিসেম্বর দলটির প্রকাশিত প্রতিবেদনে ১৭টি খাত তুলে ধরে সমন্বিতভাবে দর-কষাকষির পরামর্শ দেওয়া হয়। ওই প্রতিবেদনের আলোকে পরবর্তী আলোচনা এগোয়।

২০২৪ সালের ১২ মার্চ উভয় দেশ আনুষ্ঠানিকভাবে ইপিএ নিয়ে দর-কষাকষির ঘোষণা দেয় এবং মে মাসে ঢাকায় প্রথম রাউন্ডের আলোচনা শুরু করে। একই বছরের ৫ আগস্ট রাজনৈতিক পটপরিবর্তনের পর আলোচনা থেমে যায়। বর্তমান অন্তর্বর্তী সরকার ২০২৪ সালের নভেম্বর থেকে বিষয়টিকে অগ্রাধিকার দিয়ে নতুন করে আলোচনায় বসে এবং এক বছরের মধ্যে চুক্তি সইয়ের লক্ষ্য নির্ধারণ করে।

এরপর ঢাকা-টোকিও-ঢাকা—এভাবে মোট সাত দফা বৈঠক অনুষ্ঠিত হয়। ২০২৪ সালের নভেম্বরে ঢাকায় দ্বিতীয়, ডিসেম্বরে টোকিওতে তৃতীয় রাউন্ড আলোচনা হয়। ২০২৫ সালে ঢাকায় চতুর্থ, টোকিওতে পঞ্চম, ঢাকায় ষষ্ঠ এবং সর্বশেষ সেপ্টেম্বরে টোকিওতে সপ্তম ও চূড়ান্ত রাউন্ডের আলোচনার মাধ্যমে চুক্তির খসড়া চূড়ান্ত হয়। বাণিজ্য মন্ত্রণালয় গত ২২ ডিসেম্বর সংবাদ সম্মেলন করে আনুষ্ঠানিকভাবে জাপানের সঙ্গে ইপিএ সইয়ের কথা জানায়।

07 FEB 2026 বণিক বার্তা

## জাপানের সঙ্গে ইপিএ স্বাক্ষর


# রফতানিতে শতভাগ শুল্কমুক্ত সুবিধা পাবে স হাজারের বেশি বাংলাদেশী পণ্য

নিজস্ব প্রতিবেদক

জাপানের সঙ্গে অর্থনৈতিক অংশীদারত্ব চুক্তি (ইপিএ) স্বাক্ষর করেছে বাংলাদেশ। এর আওতায় দেশটির বাজারে প্রথম দিন থেকেই তৈরি পোশাকসহ ৭ হাজার ৩৭৯টি বাংলাদেশী পণ্য রফতানিতে মিলবে শতভাগ শুল্কমুক্ত সুবিধা। বিনিময়ে বাংলাদেশের বাজারে ১ হাজার ৩৯টি জাপানি পণ্য পর্যায়ক্রমে শুল্কমুক্ত বা অগ্রাধিকারমূলক সুবিধা পাবে। এরপর ছয় থেকে আট বছরের মধ্যে ধাপে ধাপে আরো ২ হাজার ৭০২টি জাপানি পণ্য শুল্কছাড়ের আওতায় আসবে। একপর্যায়ে উভয় দেশে মোট ৯ হাজার ৩৫৪টি পণ্যে কোনো শুল্ক থাকবে না। এর মধ্যে বাংলাদেশী পণ্যের সংখ্যা হবে ৭ হাজার ৪৩৬টি।

জাপানের রাজধানী টোকিওতে গতকাল এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানে দুই দেশের মধ্যে এ চুক্তি স্বাক্ষর হয়। এ সময় বাংলাদেশের বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন এবং জাপানের পররাষ্ট্র প্রতিমন্ত্রী হোরি ইওয়াও নিজ নিজ দেশের পক্ষে চুক্তিপত্রে স্বাক্ষর করেন। এর মধ্য দিয়ে প্রথমবারের মতো কোনো দেশের সঙ্গে পূর্ণাঙ্গ মুক্ত বাণিজ্য চুক্তি করল বাংলাদেশ। বাংলাদেশের তথ্য অধিদপ্তর এক তথ্য বিবরণীতে জানিয়েছে, পণ্য ও সেবা বাণিজ্য, বিনিয়োগ এবং অর্থনৈতিক সহযোগিতা বিষয়ে ঢাকা ও টোকিওতে অনুষ্ঠিত সাত দফা দরকষাকষির ফল হচ্ছে এ চুক্তি।

ইপিএ স্বাক্ষরকে দ্বিপক্ষীয় 'দীর্ঘস্থায়ী বন্ধুত্বের প্রতিফলন' হিসেবে বর্ণনা করে অনুষ্ঠানে বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন বলেন, 'এ চুক্তি কেবল একটি বাণিজ্যিক দলিল নয়; এটি বাংলাদেশের উজ্জ্বল অর্থনৈতিক ভবিষ্যৎ এবং আমাদের দুই দেশের মধ্যে গভীর পারস্পরিক আস্থার বহিঃপ্রকাশ।' এ চুক্তির কার্যকর বাস্তবায়ন পারস্পরিক সমৃদ্ধির একটি নতুন অধ্যায় শুরু করবে বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি।



টোকিওতে গতকাল ইপিএ স্বাক্ষর অনুষ্ঠানে বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন ও জাপানের পররাষ্ট্র প্রতিমন্ত্রী হোরি ইওয়াও ছবি : পিআইডি

**বর্তমানে এশিয়ায় বাংলাদেশের সবচেয়ে বড় রফতানি গন্তব্য জাপান। দেশটিতে বাংলাদেশের রফতানির পরিমাণ বছরে প্রায় ২০০ কোটি ডলার, যার বেশির ভাগই তৈরি পোশাক। অন্যদিকে জাপান থেকে আমদানি ১৮০ কোটি থেকে ২৭০ কোটি ডলারের মধ্যে ওঠানামা করছে**

তথ্য বিবরণীতে আরো বলা হয়েছে, পোশাক খাতে 'সিঙ্গেল স্টেজ ট্রান্সফরমেশন' সুবিধা যোগ হওয়ায় এখন থেকে কাঁচামাল নিয়ে কোনো জটিলতা ছাড়াই বাংলাদেশী পোশাক খুব সহজে জাপানে রফতানি করা যাবে। পাশাপাশি জাপানের আইটি, ইঞ্জিনিয়ারিং, শিক্ষা, কেয়ারগিভিং এবং নার্সিংয়ের মতো প্রায় ১৬টি বিভাগে ১২০টি সেবা খাতে বাংলাদেশী দক্ষ পেশাজীবীদের কাজ করার সুযোগ তৈরি হবে। এটি দেশের মানুষের জন্য জাপানে অধিক কর্মসংস্থান নিশ্চিত করবে। বিপরীতে জাপানের জন্য ১২টি বিভাগের আওতায় ৯৮টি উপখাত উন্মুক্ত করতে সম্মত হয়েছে বাংলাদেশ।

ইপিএ স্বাক্ষরের ফলে দুই দেশের মধ্যে বাণিজ্যের পরিমাণ বৃদ্ধির পাশাপাশি উৎপাদন, অবকাঠামো, জ্বালানি এবং লজিস্টিকস প্রভৃতি খাতে জাপানি বিনিয়োগ (এফডিআই) বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে। জাপানি উন্নত প্রযুক্তি ও বিনিয়োগ হলে দেশীয় পণ্যের মান বৃদ্ধি পাবে, যা বাংলাদেশকে বিশ্বব্যাপী আরো প্রতিযোগিতামূলক করে তুলবে।

এছাড়া ক্ষুদ্র ও মাঝারি শিল্পের (এসএমই) বিকাশ এবং একটি দক্ষ জনশক্তি তৈরির মাধ্যমে এ চুক্তি অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সামগ্রিকভাবে বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নের জন্য একটি শক্তিশালী হাতিয়ার হিসেবে কাজ করবে বলে তথ্য বিবরণীতে জানানো হয়েছে। তবে জাপানের গাড়ি এ চুক্তির আওতায় শুল্কমুক্ত সুবিধা পাবে না। স্থানীয়ভাবে গাড়ি উৎপাদনে জাপানি বিনিয়োগ




07 FEB 2026 বণিক বার্তা

## জাপানের সঙ্গে ইপিএ স্বাক্ষর

# রফতানিতে শতভাগ শুল্কমুক্ত সুবিধা পাবে সাত হাজারের বেশি বাংলাদেশী পণ্য



টোকিওতে গতকাল ইপিএ স্বাক্ষর অনুষ্ঠানে বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন ও জাপানের পররাষ্ট্র প্রতিমন্ত্রী হোরি ইওয়াও ছবি : পিআইডি

...ত্ব চুক্তি (ইপিএ) ...য় দেশটির বাজারে ৭ হাজার ৩৭৯টি শতভাগ শুল্কমুক্ত ...র ১ হাজার ৩৯টি ...ধিকারমূলক সুবিধা ... মধ্যে ধাপে ধাপে শুল্কছাড়ের আওতায় ৯ হাজার ৩৫৪টি ... বাংলাদেশী পণ্যের

...ল এক আড়ম্বরপূর্ণ ...ক্ষর হয়। এ সময় বশিরউদ্দীন এবং ও নিজ নিজ দেশের ...্য দিয়ে প্রথমবারের ...মুক্ত বাণিজ্য চুক্তি ...অধিদপ্তর এক তথ্য বাণিজ্য, বিনিয়োগ ...ঢাকা ও টোকিওতে ...চ্ছে এ চুক্তি।

...বন্ধুত্বের প্রতিফলন' ...জ্য উপদেষ্টা শেখ একটি বাণিজ্যিক অর্থনৈতিক ভবিষ্যৎ ... পারস্পরিক আস্থার ...স্তবায়ন পারস্পরিক ...বে বলেও আশাবাদ

**বর্তমানে এশিয়ায় বাংলাদেশের সবচেয়ে বড় রফতানি গন্তব্য জাপান। দেশটিতে বাংলাদেশের রফতানির পরিমাণ বছরে প্রায় ২০০ কোটি ডলার, যার বেশির ভাগই তৈরি পোশাক। অন্যদিকে জাপান থেকে আমদানি ১৮০ কোটি থেকে ২৭০ কোটি ডলারের মধ্যে ওঠানামা করছে**

ব্যক্ত করেন তিনি।

তথ্য বিবরণীতে আরো বলা হয়েছে, পোশাক খাতে 'সিঙ্গেল স্টেজ ট্রান্সফরমেশন' সুবিধা যোগ হওয়ায় এখন থেকে কাঁচামাল নিয়ে কোনো জটিলতা ছাড়াই বাংলাদেশী পোশাক খুব সহজে জাপানে রফতানি করা যাবে। পাশাপাশি জাপানের আইটি, ইঞ্জিনিয়ারিং, শিক্ষা, কেয়ারগিভিং এবং নার্সিংয়ের মতো প্রায় ১৬টি বিভাগে ১২০টি সেবা খাতে বাংলাদেশী দক্ষ পেশাজীবীদের কাজ করার সুযোগ তৈরি হবে। এটি দেশের মানুষের জন্য জাপানে অধিক কর্মসংস্থান নিশ্চিত করবে। বিপরীতে জাপানের জন্য ১২টি বিভাগের আওতায় ৯৮টি উপখাত উন্মুক্ত করতে সম্মত হয়েছে বাংলাদেশ।






ইপিএ স্বাক্ষরের ফলে দুই দেশের মধ্যে বাণিজ্যের পরিমাণ বৃদ্ধির পাশাপাশি উৎপাদন, অবকাঠামো, জ্বালানি এবং লজিস্টিকস প্রভৃতি খাতে জাপানি বিনিয়োগ (এফডিআই) বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে। জাপানি উন্নত প্রযুক্তি ও বিনিয়োগ হলে দেশীয় পণ্যের মান বৃদ্ধি পাবে, যা বাংলাদেশকে বিশ্বব্যাপী আরো প্রতিযোগিতামূলক করে তুলবে।

এছাড়া ক্ষুদ্র ও মাঝারি শিল্পের (এসএমই) বিকাশ এবং একটি দক্ষ জনশক্তি তৈরির মাধ্যমে এ চুক্তি অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সামগ্রিকভাবে বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নের জন্য একটি শক্তিশালী হাতিয়ার হিসেবে কাজ করবে বলে তথ্য বিবরণীতে জানানো হয়েছে।

তবে জাপানের গাড়ি এ চুক্তির আওতায় শুল্কমুক্ত সুবিধা পাবে না। স্থানীয়ভাবে গাড়ি উৎপাদনে জাপানি বিনিয়োগ উৎসাহিত করতেই এ সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা।

বাণিজ্য মন্ত্রণালয়ের এক প্রতিবেদনে বলা হয়েছে, ইপিএর আওতায় কয়েক ধাপে শুল্ক ছাড় দিতে হবে বাংলাদেশকে। সর্বশেষ পর্যায়ে সব পণ্যে শুল্কছাড় কার্যকর হলে বছরে প্রায় ৩ হাজার কোটি টাকার রাজস্ব ক্ষতির আশঙ্কা রয়েছে। তবে ইপিএ স্বাক্ষর না হলে এলডিসি উত্তরণের পর জাপানের বাজারে শুল্ক সুবিধা হারিয়ে বাংলাদেশের রফতানি ৩ হাজার থেকে ৩ হাজার ৬০০ কোটি টাকা পর্যন্ত কমে যেতে পারত।

জানা যায়, বর্তমানে এশিয়ায় বাংলাদেশের সবচেয়ে বড় রফতানি গন্তব্য জাপান। দেশটিতে বাংলাদেশের রফতানির পরিমাণ বছরে প্রায় ২০০ কোটি ডলার, যার বেশির ভাগই তৈরি পোশাক। অন্যদিকে জাপান থেকে আমদানি ১৮০ কোটি থেকে ২৭০ কোটি ডলারের মধ্যে ওঠানামা করছে।

বাণিজ্য মন্ত্রণালয়ের কর্মকর্তারা বলছেন, ইপিএ কার্যকর হলে একদিকে রফতানি বাড়বে, অন্যদিকে শিল্পাঞ্চলে জাপানি বিনিয়োগ বাড়বে। এতে দুই দেশের বাণিজ্য ঘাটতি কমানোর সুযোগ তৈরি হবে। শুল্ক সুবিধার পাশাপাশি এ চুক্তিতে সেবা খাত, বিনিয়োগ, কাস্টমস প্রক্রিয়া ও মেধাস্বত্ব অধিকার বিষয়ও অন্তর্ভুক্ত রয়েছে।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বাণিজ্য সচিব মাহবুবুর রহমান, জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. দাউদ আলী, বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত সাইদা শিনিচিসহ উভয় দেশের ঊর্ধ্বতন কর্মকর্তারা।